

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 25-12-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর জন্মদিনটি আজ সুশাসন দিবস হিসেবে পালিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন অটলজীর উদ্যোগে গৃহীত প্রকল্পগুলি দেশের উন্নয়নের চিত্র বদলে দিয়েছে।
- ২) দেশের বিভিন্ন অংশের পাশাপাশি রাজ্য বিজেপি আজ যথাযথ মর্যাদায় প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর ১০১-তম জন্মজয়ন্তী পালন করছে।
- ৩) ভারতীয় রেল এরাজ্য হাওড়া-খড়গপুর ডিভিশনে রেলসেতু পুনর্নির্মাণ সহ পরিকাঠামো উন্নয়নের এক বড় প্রকল্পের ৪-শো ৩১ কোটি টাকার বেশি অর্থ অনুমোদন করেছে।
- ৪) দক্ষিণ ২৪ পরগণার মহেশতলা পুরসভার রবীন্দ্রনগরের কাছে বস্তি এলাকায় বিধ্বংসী অগ্নিকাণ্ডে প্রায় ১-শোটি ঝুপড়ি ভূমীভূত।
- ৫) আজ বড়দিন। প্রভূ যীশুর আবির্ভাব দিবস সারা রাজ্য বিপুল উৎসাহ-উদ্দীপনায় উদয়াপিত হচ্ছে।  
বড়দিনে রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ নিম্নমুখী।
- ৬) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আগামীকাল বরোদার মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১১ বছরে তাঁর সরকার দেশের প্রত্যেক নাগরিকের কল্যাণের জন্য কঠোর পরিশ্রম করছে। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে প্রতিটি মানুষই এই প্রকল্পগুলির সুবিধা পেয়েছেন। তিনি আজ প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী রাষ্ট্র প্রেরণা স্থলের উদ্বোধন করেন, যা স্বাধীন ভারতের কৃতি ব্যক্তিদের ঐতিহ্যকে সম্মান জানাতে নির্মিত হয়েছে। এক জনসভায় প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকারের প্রকল্পগুলি দেশের কোটি কোটি মানুষের উপকারে লাগছে। অটল বিহারী বাজপেয়ীকে স্মরণ করে তিনি বলেন, তাঁর উদ্যোগে দেশের উন্নয়নের চিত্র বদলে গেছে। শ্রী মোদী বলেন, গোটা দেশ আজ যখন বড়দিনের উৎসবে মেতে উঠেছে তখন এই একই দিনে ভারতের দুই কৃতী সন্তান ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী এবং ভারতরত্ন মদনমোহন মালব্য জন্মগ্রহণ করেন। তাঁদের উদ্দেশ্য, আদর্শ ও লক্ষ্যকে সামনে রেখে গোটা ভারত পথ চলছে। রাষ্ট্রনির্মাণে তাঁদের এই অবদান দেশ মনে রেখেছে।

### বাইট - প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বলেন, দেশের উন্নয়নের চালচিত্র বদলে দিতে তাঁর সরকার একাধিক পদক্ষেপ নিয়েছে। বিশেষ ক'রে, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কথা উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্মজয়ন্তী আজ এ রাজ্যও যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। দিনটি আজ ‘সুশাসন দিবস’ হিসেবেও পালন করা হয়। এই উপলক্ষ্যে কলকাতায় জাতীয় গ্রন্থাগারে এক অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, অটল বিহারী বাজপেয়ী দেশের

রাজনীতির ইতিহাসে দিশা বদলে দিয়েছেন। তার বাগ্মিতা ভিন্ন রাজনীতির মতাদর্শে বিশ্বাসী মানুষকেও আকৃষ্ট করতে পারতো বলেও মন্তব্য করেন শ্রী মজুমদার।

অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, অটল বিহারী বাজপেয়ী দেশকে যে রাজনৈতিক দিশা দেখিয়েছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সর্বশিক্ষা অভিযান, মিড ডে মিল সহ যে প্রকল্পগুলি তিনি চালু করেছিলেন, তার গুরুত্ব অপরিসীম। পরমাণু শক্তির দেশ হিসেবে ভারতকে আত্মনির্ভর করার ক্ষেত্রে অটল বিহারী বাজপেয়ী এবং এপিজে আব্দুল কালামের অবদান অনস্বীকার্য বলে জানান শ্রী অধিকারী।

সুশাসন দিবস উপলক্ষে কলকাতায় দলের সদর কার্যালয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রতিকৃতিতে পুস্পার্ঘ্য অর্পন করে শন্দা নিবেদন করেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি বলেন, যুগ সম্মিলিতে দ্বন্দ্ব ও ভেদাভেদ ভুলে সকল দলীয় কর্মী এক্যবন্ধভাবে কাজ করলে দল আরও শক্তিশালী হবে।

(বাইট - শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গ্রামীণ পরিকাঠামো ক্ষেত্রে ভারতের অন্যতম গুরুত্বপূর্ণ উদ্যোগ প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার আজ ২৫ বছর পূর্তি হয়েছে। ২০০০ সালের ২৫ শে ডিসেম্বর সারা দেশের সড়ক সংযোগ বিহীন গ্রামগুলিতে রাস্তা তৈরির জয় এই কর্মসূচী চালু করা হয়েছিলো। পরবর্তী সময়ে গ্রামাঞ্চলে কৃষির উন্নয়ন, কর্মসংস্থান বৃদ্ধি, শিক্ষা, স্বাস্থ্য, পরিষেবা প্রদান এবং দারিদ্য দূরীকরণের ক্ষেত্রে এই কর্মসূচী গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। ২০০০ সালে এই প্রকল্প চালু হওয়ার পর প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার আওতায় সাড়া দেশে ৭ লক্ষ ৮৭ হাজার কিলোমিটার গ্রামীণ সড়ক নির্মিত হয়েছে। চলতি বছরেই এই পরিমাণ ৮ লক্ষ ২৫ হাজার কিলোমিটার ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে। ২০২৫-২৬ অর্থবর্ষে এই প্রকল্পের জন্য প্রায় ১৯ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ তারিখ, আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সরকারি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা প্রধানমন্ত্রী কিষান উর্জা সুরক্ষা এবং উত্থান মহাভিযান, প্রধানমন্ত্রী-কুসুম প্রকল্প। উত্তর চবিশ পরগনা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিষয়বস্তু বিশেষজ্ঞ ড. চিন্ময় মাজির সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে এই সংবাদের ঠিক পরেই গীতাঞ্জলি ও DTH বাংলায়। এই অনুষ্ঠান আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় রেলওয়ে দক্ষিণ-পূর্ব রেলওয়ে (SER)-এর হাওড়া-খড়গপুর শাখায় অবস্থিত গুরুত্বপূর্ণ রেল সেতু পুনর্নির্মাণের জন্য ৮৪৩১ কোটি ৭৬ লক্ষ টাকার একটি বড় পরিকাঠামো প্রকল্প অনুমোদন করেছে।

এই প্রকল্পের আওতায় বিকল্প অ্যালাইনমেন্টে সেতুর সাবস্ট্রাকচার পুনর্নির্মাণের পাশাপাশি একটি নতুন ভায়াডাক্ট নির্মাণ করা হবে।

খড়গপুর শাখার সেতুটি গত ছয় দশকেরও বেশি সময় ধরে শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে এই অংশে রেল পরিষেবা বহন করে আসছে। অনুমোদিত পুনর্নির্মাণের মাধ্যমে একটি আধুনিক ও মজবুত কাঠামো গড়ে তোলা হবে।

এই প্রকল্পের লক্ষ্য বর্তমান ও ভবিষ্যৎ পরিচালনাগত চাহিদা পূরণ করা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা পুরসভার ১০ নম্বর ওয়ার্ডে রবীন্দ্রনগর ময়লা ডিপো সংলগ্ন বস্তি এলাকায় আজ বিকেলে বিধ্বংসী অগ্নিকাণ্ডে প্রায় ১-শোটি ঝুপড়ি পুড়ে যায়। আগুন নেভানোর কাজে দমকলের পাঁচটি ইঞ্জিন ঘটনাস্থলে যায়। সঙ্কে ৬-টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে আসে। হতাহতের কোন খবর নেই। তবে, শীতের দিনে মাথার ছাদ হারিয়ে চরম দুর্দশায় পড়েছেন অসহায় পরিবারগুলি। আগুন লাগার কারণ জানতে তদন্ত শুরু করেছে প্রশাসন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের কাটোয়ার ১ ব্লকের খাজুদিহি পঞ্চায়েতের বিকিহাট এলাকার বাসিন্দা বিএলও অমিত কুমার মন্ডল তিন দিন ধরে নিখোঁজ। তিনি কাটোয়া বিধানসভার ২৩ নং বুথের বিএলওর দায়িত্বে ছিলেন। পেশায় প্রাথমিক স্কুলের ঐ শিক্ষকের বাড়িতেই রয়েছে তাঁর পরিচয়পত্র, এসআইআর সংক্রান্ত কাগজপত্র। পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। পরিবার সূত্রে জানা গিয়েছে, গত মঙ্গলবার সকালে মিটিং আছে বলে বাড়ি থেকে বের হন। এসআইআর নিয়ে তিনি মানসিক চাপে ছিলেন বলে দাবি পরিবারের।

কাটোয়ার মহকুমাশাসক জানিয়েছেন, ঘটনার তদন্ত করে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর থানার অন্তর্গত রঘুদেবপুরে কলেজ ছাত্রীর অস্বাভাবিক মৃত্যু ঘিরে চরম উত্তেজনা ছড়ায়। পরিবারের অভিযোগ, প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় এলাকার এক যুবক বিশাল নক্ষর পরিকল্পিতভাবে তাকে বিষ খাইয়ে দেয়। গত ২৫ নভেম্বর রাত্তিয় ওই ছাত্রীকে আটক করে পানীয় জলের সঙ্গে কীটনাশক মিশিয়ে খাওয়ানো হয়। বাড়ি ফিরে অসুস্থ অবস্থায় মায়ের কাছে ঘটনার কথা জানালে দ্রুত হাসপাতালে ভর্তি করা হয় তাকে। প্রায় এক মাস ধরে মৃত্যুর সঙ্গে লড়াইয়ের পর গতকাল কলকাতার বাঙ্গুর হাসপাতালে মারা যায় ছাত্রীটি।

মৃত্যুর খবর ছড়াতেই অভিযুক্তের বাড়িতে ভাঙ্চুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। স্থানীয়দের একাংশ পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তোলে। পরিস্থিতি সামাল দিতে এলাকায় পুলিশ মোতায়েন করা হয়। এই ভাঙ্চুর ও অগ্নিসংযোগের ঘটনায় দু'জনকে গ্রেফতার করেছে বিষ্ণুপুর থানার পুলিশ। ঘটনার তদন্ত চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার বসিরহাটের স্বরূপনগর থানার কৈজুড়ী গ্রাম পঞ্চায়েতে এক নাবালিকার বিয়ে রুখলো সীমান্ত রক্ষী বাহিনী(BSF)। এই বিয়ে অনুষ্ঠিত হওয়ার খবর পেয়ে সেখানে পৌঁছন ১০২ নং ব্যাটেলিয়নের সীমান্ত রক্ষী বাহিনীর মানব পাচার বিভাগ(ATH)-এর ঘোজাডাঙ্গার হেড কনস্টেবল সহ অন্য পুলিশ কর্মীরা BSF-এর পক্ষ থেকে খবর দেওয়া হয় স্বরূপনগর থানার ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক অরিন্দম হালদারকে। এরপর তাঁরা সেখানে গিয়ে ওই বিয়ে আটকান। বিএসএফের পক্ষ থেকে গ্রামবাসীদেরকে সচেতনতার বার্তা দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বড়দিন। যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস সারা রাজ্যেই বিপুল উৎসাহ উদ্দীপনায় উদয়াপিত হচ্ছে।

(জিঙ্গল)

গতকাল মধ্যরাতে গীর্জায় গীর্জায় ঘন্টাধ্বনি ও ক্যারোলের মধ্য দিয়ে স্মরণ করা হয় প্রভু যীশুকে। খৃষ্ট ধর্মাবলম্বীরা সকাল থেকেই অংশ নিচেন বিশেষ প্রার্থনায়। বড়দিন উপলক্ষে আলোর মালায় সেজে উঠেছে পার্ক স্ট্রীট ও বো ব্যারাক এলাকা।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বছরের শেষে বড়দিন থেকেই রাজ্যজুড়ে শীতের প্রকোপ। কলকাতা সহ রাজ্যের বেশকিছু জায়গায় আজ এপর্যন্ত এমরশেমের শীতলতম দিন। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে প্রায় সাড়ে ৪ ডিগ্রী কম ২১ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস।  
একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আগামীকাল বরোদার মুখোমুখি হবে। গুজরাতের রাজকোটের নিরঙ্গন শাহ স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল ৯ টায়।

বাংলা ১ টি ম্যাচ জিতে ৪ পয়েন্ট নিয়ে গ্রুপ বি-র চতুর্থ স্থানে আছে। বরোদা ও একই পয়েন্ট নিয়ে রান পার্থ্যকের কারণে গ্রুপের তৃতীয় স্থানে রয়েছে।

প্রতিযোগিতায় এর আগের ম্যাচে গতকাল বাংলা, বিদর্ভকে ৩ উইকেটে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

